


# পরীক্ষা বিভাগ

## EXAMINATION DIVISION



# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

## BANGLADESH OPEN UNIVERSITY

৬৩৫/বাউবি/পরীক্ষা/এমবিএ(বা:মা:)/ফলাফল/২১৯/১৬৪৮

তারিখ : ২৯ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ  
১২ মে, ২০২৪ খ্রিস্টাব্দ

আঞ্চলিক পরিচালক  
আঞ্চলিক কেন্দ্র (সকল)  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

**বিষয় : এমবিএ (বাংলা মাধ্যম) ২১২, ২২১, ২২২ ও ২৩১ টার্মের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ সেমিস্টার পরীক্ষার ফলাফল সংক্রান্ত অভিযোগ ও পুনঃনিরীক্ষার আবেদন এবং শিক্ষার্থীদের ফি জমা দান প্রসঙ্গে**

মহোদয়,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এমবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের ২১২, ২২১, ২২২ ও ২৩১ টার্মের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ সেমিস্টার পরীক্ষার বিষয়ভিত্তিক ও চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়েছে। যে সকল শিক্ষার্থী ফলাফল সংক্রান্ত অভিযোগ অথবা পুনঃনিরীক্ষার আবেদন করতে ইচ্ছুক, তাদের আবেদন করার সময়সীমা ও পদ্ধতি নিম্নরূপ :

যে সকল শিক্ষার্থী এমবিএ (বাংলা মাধ্যম) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে অভিযোগ অথবা পুনঃনিরীক্ষার আবেদন করতে ইচ্ছুক তাদেরকে অনলাইনে আবেদন করতে হবে। এমবিএ (বাংলা মাধ্যম) পরীক্ষার ফলাফলের অভিযোগ অথবা পুনঃনিরীক্ষার আবেদন ফরম: exam.bou.ac.bd ওয়েব ঠিকানার লিংকে পাওয়া যাবে। উক্ত লিংকে আবেদন ও ফি জমা দেয়ার নিয়মাবলী দেয়া আছে। এ আবেদনের ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ১৩ মে, ২০২৪ থেকে ২৩ মে, ২০২৪ সময়ের মধ্যে সংশ্লিষ্ট ওয়েব ঠিকানায় সাবমিট করতে হবে। মোবাইল ক্যাশ “নগদ” এর মাধ্যমে (পুনঃনিরীক্ষার ফি ৫০০/- টাকা) পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন ও ফি গ্রহণ করা হবে না।

বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

কতৃপক্ষের নির্দেশক্রমে,

*S. M. M. M.*  
২২/৫/২০২৪

মাহমুদ রাফেল

যুগ্ম-পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ

**অনুলিপি : অবগতি ও কার্যার্থে**

- ১। ডীন, ওপেন স্কুল, বাউবি
- ২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি
- ৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)
- ৪। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। যুগ্ম-পরিচালক, প্রো-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি [প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৬। সংরক্ষণ নথি